



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং বশিবো/পনি/এসএসসি/২০২৬/১৪২৮

তারিখ: ২৫ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ

**২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার সকল কেন্দ্রের পরীক্ষা কক্ষ এবং
অফিস কক্ষ সিসি ক্যামেরা স্থাপন নিশ্চিতকরণের বিজ্ঞপ্তি**

এই মর্মে সকল কেন্দ্র সচিবকে অনুরোধ করা যাচ্ছে যে, ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে গ্রহণের লক্ষে পরীক্ষা কেন্দ্রের সকল কক্ষ, কেন্দ্র সচিবের কক্ষ, অফিস কক্ষ এবং যে কক্ষে প্রশ্নপত্র খোলা হবে সেই কক্ষ সিসি ক্যামেরার আওতায় আনতে হবে। যাদের কেন্দ্রের পরীক্ষার কক্ষসহ অন্যান্য কক্ষে সিসি ক্যামেরা এখনও স্থাপন করা হয়নি, তাঁরা অবশ্যই ১১/০৪/২০২৬ তারিখের মধ্যে সিসি ক্যামেরা স্থাপন করবেন। পরীক্ষা শুরুর কমপক্ষে ১ (এক) ঘণ্টা পূর্ব থেকে পরীক্ষার শেষ হওয়ার ১ ঘণ্টা পর পর্যন্ত সিসি ক্যামেরা সচল রাখবেন। কেন্দ্র সচিব সকল পরীক্ষার ফুটেজ সংরক্ষণ করবেন এবং প্রয়োজনে কর্তৃপক্ষকে ফুটেজ প্রদানে বাধ্য থাকবেন।

বিষয়টি অতীব জরুরি।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে।


২৫-০৩-২০২৬

প্রফেসর জি. এম. শহীদুল ইসলাম-৭০৪৯
পরীক্ষা নিয়ন্ত্রক

প্রাপক
কেন্দ্র সচিব, সকল পরীক্ষা কেন্দ্র

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
ফোন অফিস: ০২৪৭৮৮৬৪৩৭০
ইমেইল: barisalboard@gmail.com